



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩ সার্কিট হাউস রোড, ঢাকা ১০০০ ফোন : ৯৩৩০০৮১-৩, ফ্যাক্স : ৮৮০-২-৪৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা//www.pib.gov.bd
ই-মেইল : dg@pib.gov.bd, সোশ্যাল মিডিয়া : fb.com/pib.gov.bd



বিষয়ঃ পিআইবি'র নৈতিকতা কমিটির এপ্রিল ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ আফরাজুর রহমান, পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	০৬.০৪.২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১০:৩০
স্থান	পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর শুদ্ধাচার কর্মপরিকল্পনা-এর বিষয়ে উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন), চ.দা-কে আহ্বান জানান। সেই অনুসারে উপপরিচালক (প্রশাসন), চ.দা শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ে ক্রমানুসারে উপস্থাপন করেন। তিনি জানান শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম চলমান রয়েছে।


আচরণ বিধিমালা ১৯৭৯, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, সচিবালয় নির্দেশমালা ২০১৪ এবং শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

সভাপতি নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে করার আহ্বান জানান এবং উত্তম চর্চার তালিকা তৈরি করে তা ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ জানান। এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী ইতিমধ্যে একটি শাখা পরিদর্শন করা হয়েছে।

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অ.দা জনাব মো. আফতাব উদ্দীন ভূঁঞা জানান, শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী পিআইবি'র ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স, তথ্য অধিকার সেবা বক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবা বক্স হালনাগাদ করা হয়েছে।

শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিস্তারিত আলোচনান্তে সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পাদনের জন্য সকলকে সচেষ্ট থাকার আহ্বান জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৬/০৪/২০২১
(মোহাম্মদ আফরাজুর রহমান)
পরিচালক (প্রশাসন)